



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

নথী নং-১৮/উ:মা:/সনদ(বিল)/২০১৫/৩২

তারিখঃ ২৯/১১/২০১৮

বিষয়ঃ ২০১৮ সালের এইচ এস সি ও ডিপ্লোমা ইন বিজনেস স্টাডিস পরীক্ষার মূল সনদ বিতরণ প্রসঙ্গে।

আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আপনার শিক্ষা প্রতিষ্ঠানের ২০১৮ সালের এইচ এস সি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের মূল সনদপত্র নিম্নে বর্ণিত সময় ও নিয়ম অনুযায়ী অত্র অফিস থেকে গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

বিতরণের তারিখ : ০৩/১২/২০১৮ইং তারিখ হতে ১০/১২/২০১৮ইং পর্যন্ত।

সময় : সকাল ১০:০০ টা থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত।

সনদ বিতরণের স্থান : ৪ নং ভবনের ০৫ তলা (লিফটের-৪)।

জেলাওয়ারী বিতরণের তারিখঃ

| ক্রমিক নং | জেলার নাম | বিতরণের তারিখ |
|-----------|---|---------------|
| ০১। | ঢাকা মহানগর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ | ০৩/১২/২০১৮ |
| ০২। | গাজীপুর, নরসিংদী, শরীয়তপুর, মাদারীপুর | ০৪/১২/২০১৮ |
| ০৩। | ঢাকা জেলা, ফরিদপুর, গোপালগঞ্জ, ময়মনসিংহ | ০৫/১২/২০১৮ |
| ০৪। | টাংগাইল, নেত্রকোনা, রাজবাড়ী | ০৬/১২/২০১৮ |
| ০৫। | জামালপুর, কিশোরগঞ্জ, শেরপুর | ০৯/১২/২০১৮ |

আপনার শিক্ষা প্রতিষ্ঠানের মূল সনদপত্র গ্রহণ করার জন্য গ্রুপওয়ারী কতজন ছাত্র/ছাত্রী উত্তীর্ণ হয়েছে তার বিবরণসহ নিজে অথবা দায়িত্বশীল প্রতিনিধিকে প্রাধিকার পত্র দিয়ে তিনটি নমুনা স্বাক্ষর সত্যায়িতসহ সনদপত্র গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। ভারপ্রাপ্ত অধ্যক্ষ নিজের বা প্রেরিত প্রতিনিধির বেলায় অথাৎ উভয় ক্ষেত্রেই সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির /গভর্নিং বডি'র সিদ্ধান্তের কপিসহ মূল সনদপত্র গ্রহণের জন্য আবেদনের উপর ম্যানেজিং কমিটির সভাপতি/গভর্নিং বডি'র চেয়ারম্যান অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষর অবশ্যই আনতে হবে। অন্যথায় মূল সনদপত্র প্রদান করা সম্ভব হবে না। প্রকাশ থাকে যে, কোন ছাত্র/ছাত্রী সাময়িক সনদপত্র গ্রহণ করে থাকলে মূল সনদপত্র প্রদানের সময় সাময়িক সনদপত্র ফেরৎ নিতে হবে। পরবর্তীতে গৃহিত সমস্ত সাময়িক সনদপত্র নিম্নে স্বাক্ষরকারীর দপ্তরে জমা দিতে হবে।

স্বাঃ-

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

ফোন নং-৯৬৬৯৮১৫

প্রাপকঃ অধ্যক্ষ

ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান।



মোঃ হেলাল উদ্দিন

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(সনদ)

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

